**প্রেস বিজ্ঞপ্তি**

**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ**

**বিভিন্ন অপরাধে ৭৮টি প্রতিষ্ঠানকে ৫.১৪ লক্ষ টাকা জরিমানা**

**২৬ অক্টোবর ২০১৬**

**বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের** ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ২২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, সিলেট, চট্টগ্রাম, গাজীপুর, টাঙ্গাইল, লক্ষ্মীপুর, যশোর, খুলনা, পাবনা, হবিগঞ্জ, কুমিল্লা, নোয়াখালী, সুনামগঞ্জ, বগুড়া, মেহেরপুর, রংপুর, ময়মনসিংহ, রাজবাড়ী, পটুয়াখালী ও পিরোজপুরে আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে নাহার হোটেলকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে রমজান ফল বিতান ও মুন্সি ফল বিতানকে **১,০০০/- (এক হাজার)** টাকা করে **২,০০০/- (দুই হাজার)** টাকাসহ মোট **২২,০০০/- (বাইশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর নিউ মার্কেট এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডারকে **১,০০,০০০/- (এক লক্ষ)** টাকা ও ধানমন্ডি এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে আলম রেস্তোরা ও মিনি চাইনজিকে **১,০০,০০০/- (এক লক্ষ)** টাকাসহ মোট **২,০০,০০০/- (দুই লক্ষ)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সিলেট বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক কামাল উদ্দিনের নেতৃত্বে সিলেটের কোতয়ালী থানা এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে **৬৫,০০০/- (পয়ষট্টি হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের কোতয়ালী থানা ও বাকুলিয়া থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের সদরঘাট থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, গাজীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক রোজিনা সুলতানার নেতৃত্বে গাজীপুর সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মাগফুর রহমানের নেতৃত্বে টাঙ্গাইল সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, লক্ষ্মীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে লক্ষ্মীপুরের চন্দ্রগঞ্জ থানা এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, খুলনা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে খুলনার বটিয়াঘাটা উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,৫০০/- (চার হাজার পাঁচশত)** টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে খুলনার বটিয়াঘাটা উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম-উদ দৌলার নেতৃত্বে পাবনার বেড়া উপজেলায় **৮টি** প্রতিষ্ঠানকে **১১,৫০০/- (এগার হাজার পাঁচশত)** টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে হবিগঞ্জের বানিয়াচং উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লার ব্রাহ্মণবাড়ীয়া উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত)** টাকা, নোয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ রায়হান কুদ্দুসের নেতৃত্বে নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জের বিশ্বম্ভরপুর উপজেলায় **৭টি** প্রতিষ্ঠানকে **১৪,৯০০/- (চৌদ্দ হাজার নয়শত)** টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরিফুল ইসলামের নেতৃত্বে বগুড়ার শিবগঞ্জ উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে মেহেরপুর সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত)** টাকা, রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে ময়মনসিংহ সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২২,০০০/- (বাইশ হাজার)** টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ী সদর উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **৭,৫০০/- (সাত হাজার পাঁচশত)** টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে পটুয়াখালী সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা এবং পিরোজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে পিরোজপুরের নেছারাবাদ উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত)** টাকাসহ মোট **২,৯২,৯০০/- (দুই লক্ষ বিরানব্বই হাজার নয়শত)** টাকা

অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, ওজনে কারচুপি, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, পরিমাপে কারচুপি, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা এবং অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানোর অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের **২৩টি** বাজার তদারকির মাধ্যমে **৭৮টি** প্রতিষ্ঠানকে মোট **৫,১৪,৯০০/- (পাঁচ লক্ষ চৌদ্দ হাজার নয়শত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর, ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার পরিদর্শক, মৎস্য কর্মকর্তা, প্রাণী সম্পদ কর্মকর্তা এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট ও বরিশাল মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, সিলেট, চট্টগ্রাম, গাজীপুর, টাঙ্গাইল, লক্ষ্মীপুর, যশোর, খুলনা, পাবনা, হবিগঞ্জ, কুমিল্লা, নোয়াখালী, সুনামগঞ্জ, বগুড়া, মেহেরপুর, রংপুর, ময়মনসিংহ, রাজবাড়ী, পটুয়াখালী ও পিরোজপুর।
৭। পুলিশ সুপার, ঢাকা, সিলেট, চট্টগ্রাম, গাজীপুর, টাঙ্গাইল, লক্ষ্মীপুর, যশোর, খুলনা, পাবনা, হবিগঞ্জ, কুমিল্লা, নোয়াখালী, সুনামগঞ্জ, বগুড়া, মেহেরপুর, রংপুর, ময়মনসিংহ, রাজবাড়ী, পটুয়াখালী ও পিরোজপুর।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।